ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৯২

আমবাসা, ১৬ আগস্ট, ২০২৫

**যথাযোগ্য মর্যাদায় আমবাসায় ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন**

সারা রাজ্যের সঙ্গে গতকাল আমবাসায়ও যথাযোগ্য মর্যাদায় ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। ধলাই জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটির আয়োজন করা হয় কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস। তিনি তাঁর ভাষণে যুব সমাজকে নেশামুক্ত সমাজ গঠন করার কাজে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন প্রতীমা মালাকার, বিশিষ্ট সমাজসেবী পতিরাম ত্রিপুরা প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। সন্ধ্যায় আমবাসা টাউন হলে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*******